



ঢাকা কমার্স কলেজ



স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮৮০৩৩৯০৩, ৮৮০৩৭৩৫৭, ৮৮০৩৬৯৪২

e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক- ১৭/১৭৬/২৬

তারিখ: ১৬/১০/২০২০

অফিস বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, নিম্নে বর্ণিত বিষয়গুলো তাদের জন্য অবশ্য পালনীয়

- (ক) কোন ক্লাসে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা যাবে না। পর পর ৩ (তিন) দিন বিনা অনুমতিতে ক্লাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল করা হবে। পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ১(এক) বার ১ মাসের টিউশন ফি প্রদান করে পুনঃভর্তি হতে পারবে।
- (খ) কোন কারণে ক্লাসে অনুপস্থিত হলে শিক্ষার্থীদেরকে স্ব-স্ব শিক্ষার্থী উপদেষ্টার নিকট হতে ক্লাসের গুরুত্ব অনুমতি পত্র নিয়ে ক্লাসে প্রবেশ করতে হবে।
- (গ) দুপুর ১:৫০ মিনিটের মধ্যে অবশ্যই কলেজে প্রবেশ করতে হবে। নির্দিষ্ট সময়ের পর কোন শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না। যথাসময়ে কলেজে প্রবেশে ব্যর্থ শিক্ষার্থীরা দ্রুত বাড়ি ফিরে যাবে, কলেজের সামনে রাস্তায় অথবা অলি-গলিতে অবস্থান করতে পারবে না। কলেজ ক্যাম্পাসের পার্শ্ববর্তী এলাকা সিসি ক্যামারার আওতাভুক্ত বিধায় কলেজের কোন শিক্ষার্থী অছাত্রসুলভ আচরণের জন্য শাস্তির আওতায় আসবে।
- (ঘ) কলেজের অভ্যন্তরে মোবাইল ফোন বহন ও ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কলেজ প্রদত্ত স্বচ্ছ ব্যাগ ব্যবহার করা বাধ্যতামূলক। উক্ত ব্যাগ ছাড়া প্রবেশ নিষিদ্ধ। শিক্ষা সামগ্রী ছাড়া অন্য কোন সামগ্রী যেমন: পেন ড্রাইভ, MP₃, CD, Camera ইত্যাদি কলেজে বহন ও ব্যবহার নিষিদ্ধ।
- (ঙ) প্রত্যেক পরীক্ষায় অংশগ্রহণ ও পাস করা বাধ্যতামূলক।
- (চ) শ্রেণিকক্ষে বরাদ্দকৃত সীটে আসন গ্রহণ করতে হবে। অন্য কারো সীটে বসা যাবে না।
- (ছ) ছাত্রদের চুল, দাঁড়ি, চিপ, বেস্ট, জুতা, ইউনিফর্ম কলেজের নিয়ম অনুযায়ী ঠিক না থাকলে উক্ত শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না।
- (জ) ছাত্রীদের কলেজ প্রসপেক্টাসের নিয়মাবলী ও ছাত্রী কল্যাণে দায়িত্বরত শিক্ষিকাদের নির্দেশাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।
- (ঝ) কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে ক্লাস ক্যাপ্টেনগণ দায়িত্ব পালন করবে ও ক্লাসের শৃঙ্খলা বজায় রাখতে অন্যান্য শিক্ষার্থীরা ক্যাপ্টেনকে সহযোগিতা করবে।
- (ঞ) কলেজ ইউনিফর্ম পরিহিত অবস্থায় ফেসবুক বা অন্য কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে কোন প্রকার আপত্তিকর ছবি আপলোড করা যাবে না।
- (ট) কলেজে প্রবেশের সময় নিয়ম ভঙ্গকারী শিক্ষার্থীদের সকল তথ্য গেইট রেজিস্টারে সংরক্ষণ করা হয় এবং উপদেষ্টার মাধ্যমে তাদের শাস্তির আওতায় আনা হবে।


অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ